সিএসএস সংস্থায় নিয়োগ বিজ্ঞপ্তি

prebd.com

সিএসএস একটি জনকল্যাণব্রতী স্বেচ্ছাসেবী সংস্থা। ১৯৭২ সাল থেকে বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনা করে আসছে। সংস্থার এমআরএ সনদ নং: ০২৫৭৮-০১৯৭৭-০০১২৯। সংস্থার মাইক্রোফাইন্যান্স প্রোগ্রামের জন্য নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে কর্মী নিয়োগ করা হবে:

ক্র: নং	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	কর্মস্থল	পদ সংখ্যা	অভিজ্ঞতা	পরীক্ষার স্থান	পরীক্ষার তারিখ ও সময়
১.	সহকারী ব্রাঞ্চ ম্যানেজার	স্নাতক/ স্নাতকোত্তর	বাংলাদেশের যেকোনো কর্ম এলাকা	৩০ জন	লোন অফিসার পদে কমপক্ষে ২ বছর	রেভারেন্ড পল্‌স হাই স্কুল, ৮৭ এম এ বারি রোড, বানরগাতি, গল্লামারী, খুলনা।	০৪-১২-২০২৬ সকাল ৯.০০

প্রার্থীর যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী: বয়স সর্বোচ্চ ৩৫ বছর এবং বেতন আলোচনা সাপেক্ষ। প্রার্থীদের মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) কর্তৃক সনদপ্রাপ্ত যেকোনো ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে সঞ্চয় ও ঋণ আদায় কার্যক্রমে লোন অফিসার পদে কমপক্ষে ২ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। সহকারী ব্রাঞ্চ ম্যানেজার হিসেবে কাজ করার অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিদের অগ্রাধিকার দেওয়া হবে। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য থাকবে।

ক্র: নং	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	কর্মস্থল	চাকুরির ধরন	পদ সংখ্যা	বয়স	বেতন (সর্ব সাকুল্যে)
২.	লোন অফিসার	স্নাতক/ স্নাতকোত্তর	বাংলাদেশের যেকোনো কর্ম এলাকা	নিয়মিত	২৫০ জন	সর্বোচ্চ ৩৯ বছর	অস্থায়ী অবস্থায় (২৩,০৮০-২৫,০০০) স্থায়ী হলে (২৫,৩২০-২৭,২৮০)

কাজের সংক্ষিপ্ত বিবরণ : জরিপের মাধ্যমে সদস্য ভর্তি, দল গঠন, ঋণ বিতরণ, নির্ধারিত সময়ে ঋণের কিস্তি ও সঞ্চয় আদায়।
প্রার্থীর যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী : স্নাতক/স্নাতকোত্তর পাশ প্রার্থীদের অভিজ্ঞতার প্রয়োজন নেই, তবে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) কর্তৃক সনদপ্রাপ্ত যেকোনো ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে কাজ করার অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। প্রার্থীদের আইনগত অভিভাবকের নিকট হতে অঙ্গীকারনামা দিতে হবে। প্রার্থীদের দুইজন প্রত্যয়নকারীর নিকট হতে প্রত্যয়ন পত্র সংগ্রহ করে জমা দিতে হবে । **অনভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩৫ বছর ও এমআরএ কর্তৃক সনদপ্রাপ্ত যেকোনো ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩৯ বছর। নারী প্রার্থীদের আবেদন করতে উৎসাহিত করা যাচ্ছে। প্রার্থীর নিজস্ব মোটরসাইকেল ও বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকলে চাকুরিতে অগ্রাধিকার দেওয়া হবে।**

ক্র: নং	লোন অফিসার পদে পরীক্ষার স্থান	তারিখ	সময়
১.	সিএসএস কুমিল্লা সদর-০১ ব্রাঞ্চ, প্রিয়ম নিবাস, চম্পকনগর, সাতরা গাউছেপাক জামে মসজিদের পূর্ব পার্শ্বে, ডাকঘর-হালিমানগর, উপজেলা-আদর্শ সদর, জেলা-কুমিল্লা।	২৭-১১-২০২৬	সকাল ৯.০০
২.	গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান ইনস্টিটিউট, বরিশাল। কাশিপুর হাইস্কুল অ্যান্ড কলেজ রোড, কাশিপুর, বরিশাল।	২৭-১১-২০২৬	সকাল ৯.০০
৩.	খ্রীস্টিয়ান সার্ভিস সোসাইটি (সিএসএস), ঢাকা অফিস, হোল্ডিং নং-২৭৯/৬/এ, পশ্চিম মানিকদি, (আল কাসেমি হেলথ কেয়ারের পিছনে) মিরপুর, ঢাকা-১২০৬।	০৪-১২-২০২৬	সকাল ৯.০০
৪.	সিএসএস কুষ্টিয়া-০১ ব্রাঞ্চ, আঞ্চলিক ও জোনাল কার্যালয়। কাষ্টম মোড় পশ্চিম গলি (দিশা আই কেয়ার সংলগ্ন), কুষ্টিয়া ।	১১-১২-২০২৬	সকাল ৯.০০

১ নং ও ২ নং পদের আগ্রহী প্রার্থীদের পরিচালক-এইচআরএম অ্যান্ড পিএমইএল বরাবর আবেদন করতে হবে। জীবন বৃত্তান্ত ও আবেদনপত্রের সাথে ২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি ও সকল প্রয়োজনীয় সনদসহ ১ নং পদের আগ্রহী প্রার্থীদের উল্লিখিত ঠিকানায় এবং ২ নং পদের আগ্রহী প্রার্থীদের উল্লিখিত ঠিকানাগুলির যেকোনো একটি ঠিকানায় (যেখানে পরীক্ষা দিতে ইচ্ছুক) যথাসময়ে উপস্থিত হয়ে সরাসরি নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। **আবেদনপত্রে অবশ্যই প্রার্থীর সচল মোবাইল নাম্বার ও ইমেইল এ্যাড্রেস উল্লেখ করতে হবে।**

সংস্থার প্রদত্ত সুযোগ সুবিধা : পিএফ, গ্র্যাচুইটি, বাৎসরিক ইনক্রিমেন্ট, ইনসেনটিভ, বীমা, ক্রেডিট ভাতা, দূরত্ব ভাতা, মোবাইল বিল, মোট বেতনের সমপরিমাণ ১টি উৎসব ভাতা, বৈশাখী ভাতা, পিকনিক ভাতা, কর্মী সহায়তা তহবিল, স্পেশাল ফান্ড সুবিধা, শিক্ষা সহায়তা তহবিল, জ্বালানি বিল প্রদান, পুরুষ কর্মীদের ফ্রি আবাসিক সুবিধা, নারী কর্মীদের আবাসন ভাতা ও দৈনিক যাতায়াত ভাতা, বাৎসরিক ৩০ দিন ছুটি যার মধ্যে বছরে ১২ দিন ছুটি রিজার্ভ করা যাবে যার বিপরীতে চাকুরি শেষে আর্থিক সুবিধা প্রদান, প্রতি বছরে পবিত্র ঈদ-উল-ফিতর, পবিত্র ঈদ-উল-আযহা এবং শারদীয়া দুর্গা পূজা উপলক্ষ্যে প্রত্যেকটি পর্বে সরকার কর্তৃক ঘোষিত ছুটি প্রদান, প্রযোজ্য ক্ষেত্রে পিতৃত্ব ও মাতৃত্বজনিত ছুটি। তাছাড়াও লোন অফিসার পদে কুমিল্লা ও চট্টগ্রাম জোনে নিয়োগ প্রাপ্তদের জন্য প্রণোদনা ভাতা ও প্রতি বছরান্তে ফ্যামিলি ট্যুর হিসেবে এককালীন ভাতা প্রদান। **আরো বিস্তারিত জানতে www.cssbd.org সাইটে দেখুন।**